খসড়া

# প্রধান নির্বাচন কমিশনার এবং নির্বাচন কমিশনার (নিয়োগ পদ্ধতি) আইন, ২০১১

যেহেতু প্রধান নির্বাচন কমিশনার ও নির্বাচন কমিশনারের নিয়োগ পদ্ধতি নির্ধারণকল্পে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইলঃ-

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**- এই আইন প্রধান নির্বাচন কমিশনার এবং নির্বাচন কমিশনার (নিয়োগ পদ্ধতি) আইন, ২০১১ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**- বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, আইন

(ক) ''অনুসন্ধান কমিটি'' অর্থ ধারা ৫ এর অধীন গঠিত অনুসন্ধান কমিটি ;

(খ) ''কমিশন'' অর্থ সংবিধানের অনুচ্ছেদ ১১৮ এর দফা (১) এর অধীন প্রতিষ্ঠিত নির্বাচন কমিশন ;

(গ) ''কার্য উপদেষ্টা কমিটি'' অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ জাতীয় সংসদের কার্যপ্রণালী বিধির বিধি ১৯ অনুসারে গঠিত কমিটি ;

(ঘ) ''ধারা'' অর্থ এই আইনের কোন ধারা ;

(ঙ) ''নির্বাচন কমিশনার'' অর্থ সংবিধানের অনুচেছদ ১১৮ এর দফা (১) এর অধীন নিযুক্ত নির্বাচন কমিশনার বা ক্ষেত্রমত, প্রধান নির্বাচন কমিশনার ;

(চ) ''সংবিধান'' অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান।

৩। **কমিশন গঠন।** সংবিধানের অনুচ্ছেদ ১১৮ এর দফা (১) এর অধীন কমিশন, একজন প্রধান নির্বাচন কমিশনার ও একজন মহিলা নির্বাচন কমিশনারসহ সর্বাধিক তিন জন কমিশনারের সমন্বয়ে, গঠিত হইবে।

৪। **নির্বাচন কমিশনার নিয়োগ।**- প্রমাণিত প্রশাসনিক দক্ষতা, সততা, ন্যায়পরায়ণতা ও অনমিত নিরপেক্ষতাসহ আইনানুগ জ্ঞানসম্পন্ন ব্যক্তিদের মধ্য হইতে রাষ্ট্রপতি প্রধান নির্বাচন কমিশনার ও নির্বাচন কমিশনার নিয়োগ করিবেন।

৫। **অনুসন্ধান কমিটি।**- (১) নির্বাচন কমিশনারের শূন্যপদে নিয়োগের জন্য তিন সদস্য বিশিষ্ট একটি প্যানেল তৈরীর উদ্দেশ্যে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি অনুসন্ধান কমিটি থাকিবে , যথাঃ

(ক) প্রধান নির্বাচন কমিশনার, যিনি কমিটির আহ্বায়কও হইবেন ;

(খ) বাংলাদেশের প্রধান বিচারপতি কর্তৃক মনোনীত হাইকোর্ট বিভাগের একজন বিচারক ;

(গ) দুর্নীতি দমন কমিশনের চেয়ারম্যান ;

(ঘ) সরকারী কর্ম কমিশনের চেয়ারম্যান ; ও

(ঙ) মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক।

(২) ধারা ৪ এর অধীন যোগ্যতাসম্পন্ন এবং গুনাবলী সম্বলিত ব্যক্তিদের প্যানেল তৈরীজনিত কার্যাদি সম্পাদনের জন্য অনুসন্ধান কমিটি উহার কার্য পরিচালনার নিয়মাবলী তৈরী করিবে।

(৩) অনুসন্ধান কমিটি ঐক্যমতের ভিত্তিতে প্রতিটি শূন্য পদের বিপরীতে তিন জনের নাম সম্বলিত একটি প্যানেল প্রস্তুতপূর্বক সুপারিশ তৈরী করিবে এবং উক্তরূপ সুপারিশ, তৈরীকৃত প্যানেলসহ, জাতীয় সংসদের কার্য উপদেষ্টা কমিটির পরীক্ষা ও বিবেচনার জন্য, প্রধানমন্ত্রীর অফিসে প্রেরণ করিবে।

(৪) উপদেষ্টা কমিটি উপধারা (৩) এর অধীন প্রস্তুতকৃত প্যানেল পরীক্ষান্তে চূড়ান্ত করিবে এবং রাষ্ট্রপতি উক্ত প্যানেল হইতে যে কোন ব্যক্তিকে নির্বাচন কমিশনার নিয়োগ করিবেন ;

তবে শর্ত থাকে যে, এই আইনের অধীন তৈরীকৃত প্যানেল চূড়ান্ত প্যানেল হিসাবে গণ্য হইবে এবং ইহা রাষ্ট্রপতি কর্তৃক বাতিল না করা পর্যন্ত কার্যকর থাকিবে।

৬। **প্যানেলে কতিপয় ব্যক্তির অন্তর্ভুক্তি নিষিদ্ধ।**— আপাততঃ বলবৎ অন্য কোন আইনে যাহা কিছুই থাকুক না কেন, এই অধ্যাদেশের অধীন প্রণীতব্য প্যানেলে এমন কোন ব্যক্তির নাম অন্তর্ভূক্ত হইবে না, যদি—

(ক) তিনি সাধারণভাবে সৎ বলিয়া বিবেচিত না হন এবং বৈধ আয়ের ভিত্তিতে জীবন নির্বাহ না করিয়া থাকেন ;

(খ) তিনি জাতীয় বা আঞ্চলিক রাজনৈতিক দলের সক্রিয় সদস্য হন বা অনুরুপ দলের বা অনুরুপ দলের অঙ্গসংগঠনের সদস্য হন ;

(গ) তিনি কোন রাজনৈতিক দলের মনোনয়নের ভিত্তিতে সংসদ নির্বাচনে অংশগ্রহণের ইচ্ছা প্রকাশ করিয়া থাকেন ;

(ঘ) তাঁহার প্রার্থিতা বিবেচনার তারিখ হইতে এক বৎসরের মধ্যে তৎকর্তৃক সাধারণ ঋণ গ্রহীতা, কোম্পানীর পরিচালক বা অংশীদার হিসাবে গৃহীত ঋণ বা ঋণের কোন কিস্তি অপরিশোধিত থাকে।

৭। **সাচিবিক দায়িত্ব।**— নির্বাচন কমিশন সচিবালয় অনুসন্ধান কমিটির সাচিবিক দায়িত্ব পালন করিবে।

.....................................

(রাষ্ট্রপতি)